

কর্মজীবনে উন্নতির সাত সোপান

অদिति রহমান

দৈনিক জনকণ্ঠ তারিখ ১০ জুলাই ২০০০

আনমনে পত্রিকার পাতা উল্টাতে উল্টাতেই বিজ্ঞাপনটিতে চোখ আটকে গেল আসিফের। একটি নাম করা কোম্পানি উদ্যমি ও সাংগঠনিক দক্ষতাসম্পন্ন একজন রিজিওনাল এ্যাকাউন্ট ম্যানেজার খুঁজছে। কাজটি যেমন চ্যালেঞ্জিং, তেমন লোভনীয় সব অফারও রয়েছে। সবচেয়ে বড় কথা, দক্ষতা দেখাতে পারলে তর তর করে উপরে উঠা যাবে। আসিফ জানে এমন চ্যালেঞ্জ নেয়া তার পক্ষে সম্ভব। অনেক ভেবে সে সিদ্ধান্ত নিল, ঐ কোম্পানিতে দরখাস্ত করাটাই বুদ্ধিমানের কাজ হবে। কারণ ও ভালভাবেই জানে, গ্লোবাল প্রতিদ্বন্দ্বিতার এ যুগে প্রমোশন বলতে শুধু এক প্রতিষ্ঠানের মধ্যেই নিচ থেকে উপরে যাওয়া নয়, অন্য কিছুও। ক্যারিয়ারের উন্নতি করার জন্য এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রাতিষ্ঠানে আরও ভাল সুযোগ পাওয়াও এমন প্রমোশন। আসিফের মতে বুদ্ধিমান, উদ্যমি, দক্ষ সবাই নয়। ও যেমন ক্যারিয়ারের সিঁড়ি বেয়ে উপরে উঠছে, অনেকের ক্ষেত্রেই তা হয় না। আসলে সে এমন কিছু টিপস জানে যা ক্যারিয়ারের উন্নতির সহায়ক। জানতে চান, কি সেগুলো?

উদ্দেশ্যে সম্পর্কে বলুন : ম্যানেজমেন্টকে এভাবে প্রস্তাবিত করুন যে, আপনি প্রতিষ্ঠানের জন্য কাজ করতে আগ্রহী। প্রতিষ্ঠানে আপনি কিভাবে কাজ করতে চান সে ব্যাপারে সুযোগ এলেই খোলাখুলিভাবে, আত্মবিশ্বাসের সাথে বলুন।

দক্ষতা দেখিয়ে জয় করুন : একটি আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস ম্যানেজার তাহমিনা লক্ষ্য করলেন, নতুন ক্লায়েন্টদের জন্য কাগজপত্র তৈরির কাজটা তাঁর বস নিজের কাঁধে তুলে নিলেও সেটা করার সময় পাচ্ছে না। কিন্তু তাহমিনা ক্রিয়েটিভ মেয়ে, ভাল লিখতেও পারেন। তাহলে ম্যাটেরিয়াল তৈরির কাজটা নিজেই করবেন না কেন? তিন মাসের মধ্যে কাজগুলো তৈরি করে নিজের দক্ষতা দেখালেন। সবাই প্রশংসায় পঞ্চমুখ হলো।

পরীক্ষায় উত্তীর্ণ হোন : মহসিনকে পাঁচ বছর আগে যে পরীক্ষায় পড়তে হয়েছিল তাতে সফলভাবে উত্তীর্ণ হওয়ায় ইতোমধ্যেই তাঁর তিনটি প্রমোশন হয়েছে। তাই বলে সব সময় ক্রাইসিস পিরিয়ডের জন্য অপেক্ষা করতে হবে এমন নয়। খুঁজে বের করুন সে উপায়গুলো, যেগুলো আপনাকে কোম্পানীর কাছে তুলে ধরবে। তখন আপনার প্রমোশন ঠেকায় কে ?

মনের কথা অকপটে বলুন : অনেকেই ভাবেন বসের মন ঠিক রেখে (কঠোর ভাষায় সেটাকে তোষামোদি) চলতে পারলেই বুঝি উন্নতির সোপান বেয়ে উঠে যাওয়া যাবে। আমাদের দেশে এখনও তোষামোদির ব্যাপক চল থাকলেও সব ক্ষেত্রেই এটা কাজ দেয় না। স্পষ্টতা, নিজস্ব মত প্রকাশের সাহস ইত্যাদির মূল্যায়ন আজকাল এখনেও হচ্ছে। সুতরাং ক্যারিয়ারের উন্নতি করতে চাইলে আপনি নিজেও এ পথগুলোই ধরুন। এতে আপনার

আত্মবিশ্বাসও বাড়বে। তবে মনে রাখবেন, আপনার মত প্রকাশের ভঙ্গিতে কেউ যেন আঘাত না পায়। 'আপনার আইডিটিয়ায় কাজ হবে না', এভাবে কাউকে বলবেন না। বলবেন এভাবে, "আমার মনে হচ্ছে এর চেয়ে অন্যভাবে কাজ করলে ফল ভাল হবে। তাহলে আপনার সহকর্মী বা বস আপনার আইডিটিয়াটি ভেবে দেখতে উৎসাহী হবেন।

হিংসুক নয়, সহযোগী হোন : দুদশক ধরে একটি এনজিওতে আছেন মায়মুনা রহমান। এখন তিনি হিউম্যান রিসোর্সেস বিভাগের ডিরেক্টর। প্রতিষ্ঠানের উপর থেকে নিচ পর্যন্ত সবাইকে তিনি কাজের ভিত্তিতে মূল্যায়ন করেন এবং একে অন্যকে সহযোগিতা করুক, এটা নিশ্চিত করতে চেষ্টা চালান। এ জন্য প্রয়োজনবোধে তিনি নিজেই সবার সামনে দৃষ্টান্ত ধরেন। নিজের অভিজ্ঞতা দিয়ে তিনি দেখেছেন, কোন প্রতিষ্ঠানে টিমওয়ার্ক গড়ে তুলতে পারলেই তার উন্নতি সম্ভব। আর এ জন্য দরকার খোলা মন ও সহযোগিতার হাত। মায়মুনার কাজের মূল্যায়ন কিভাবে হয়েছে? প্রতিষ্ঠানের উন্নতি প্লাস মায়মুনার ক্যারিয়ারের টুপিতে নতুন পালক যোগ হওয়া।

নেটওয়ার্কের বিকল্প নেই : রায়হান তাঁর কোম্পানীতে কাউকে তেল দিয়ে উপরে উঠতে চাননি। তবে তাঁতে তাঁর কোন সমস্যা হয়নি। তিনি খুব সততার সাথেই কোম্পানীর উপর থেকে নিচ পর্যন্ত নেটওয়ার্ক গড়ে তুলেছেন। এখনকার যুগে এটা কোন দোষের ব্যাপার নয়। এতে তাঁর কাজ, দক্ষতা কর্তৃপক্ষের নজরে এসেছে।

নতুন দিকনির্দেশনা নিন : কোম্পানীকে বাড়ানোর সময়টাতে একটা বিভাগের দায়িত্বে ছিলেন কবীর। তার উপর কাজের নতুন ক্ষেত্র বের করার এবং প্লানিংয়ের দায়িত্বভার পড়ল। এ ক্ষেত্রে তিনি যে দক্ষতা দেখালেন তাতে কোম্পানী অনেক বেনিফিটেড হয়েছিল। এভাবে কবীর কর্তৃপক্ষকে একটা জিনিস প্রমাণ করে দিলেন যে ভবিষ্যতে পুরো প্রতিষ্ঠানকে চালানোর মতো দক্ষতা তাঁর রয়েছে। তবে উপরের উপায়গুলো ছাড়াও ক্যারিয়ারের উন্নতির জন্য আরও অনেক সোপান রয়েছে। আসলে কাজ করতে করতেই বুদ্ধিমত্তা ও সাধারণ জ্ঞান দিয়ে অনেক উপায় খুঁজে পাওয়া যাবে। অবশ্য যদি দেখেন যে কাজ ও দক্ষতা দিয়েও প্রতিষ্ঠানটিকে উন্নতি করতে পারছেন না বরং অদক্ষ ও ফাঁকিবাজরাই টপাটপ উপরে উঠে যাচ্ছে, তবে বুঝবেন গোলমাল রয়েছে কর্তৃপক্ষের মধ্যেই। সে ক্ষেত্রে আপনার কি করা উচিত। যত শীঘ্রই সম্ভব সে প্রতিষ্ঠান ত্যাগ করা। আর আপনার দক্ষতা, আন্তরিকতা ও কমিটমেন্টের মূল্যায়ন হবে এমন কোন প্রতিষ্ঠান খুঁজে বের করা।